শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩১.১৯-৬২৪

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৬ ব. / ২৮ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৪০৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৪০৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৪০৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৯৪০৪/২০১৯ | জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, গভর্ণিং বডি, বসুদিয়া নেসারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, উপজেলা- লৌহজং, জেলা- মুন্সীগঞ্জ। | সচিব, টিএমইডি, চেয়ারম্যান,সহ মোট ০৫ (পাঁচ) জন। | মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন বসুদিয়া নেসারিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা'র অধ্যক্ষ ও সভাপতির বিরুদ্ধে গভর্ণিং বডির ০৩ জন অভিভাবক সদস্য কর্তক দূনীতি, স্বেচ্ছাচারিতা, স্বজনপ্রীতি ও অর্থ আত্মসাতের বিষয়ে আনীত অভিযোগসমূহ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় চলমান কমিটির সভাপতির মনোনয়ন বাতিল করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ০১/৮/২০১৯ তারিখে বামাশিবো /প্রশাসন/৩৩৩১৯১১১১২১১/মন্সীগঞ্জ-১৭/৩২৯৫/৭ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। বামাশিবো'র উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে বর্ণিত প্রতিষ্ঠানের তৎকালীন চলমান কমিটির সভাপতি জনাব আবুল কালাম আজাদ কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৯৪০৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ০২/৯/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনারের সভাপতি পদে মনোনয়ন বাতিল করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ০১/৮/২০১৯ তারিখে বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১১১১২১১/মন্সীগঞ্জ-১৭/৩২৯৫/৭ সংখ্যক স্মারকে জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ৩০/০৯/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। সে সাথে উক্ত স্মারকের কার্যক্রম আদেশ জারি হতে পরবর্তী ০৩ (তিন) মাস স্থগিত রাখার নির্দেশনা দিয়ে প্রতিপক্ষগণকে এক অন্তবর্তীকালীন আদেশ প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৪০৪/২০১৯ মামালার ০২/০৯/২০১৯ তারিখের অন্তবর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক মহামান্য হাইকোর্টে সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে উক্ত অন্তবর্তীকালীন আদেশ vacate করণের ব্যবস্থা গ্রহণপূর্বক মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১২/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।